গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা।
www.rthd.gov.bd

ANE(ICT DT(A)) 21/09/2017

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.১৪.০৫৩.১৬-৪৮৪ তারিখঃ ২১.০৯.২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: ২০১৭-২০১৮ অর্থবছরে বরিশাল সড়ক জোনের পিএমপি (সড়ক-মেজর) কর্মসূচীর অগ্রাধিকার তালিকা অনুমোদন সংক্রান্ত।

সূত্র: অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, বরিশাল সড়ক জোন, বরিশাল এর পত্র নং-১৮৯১ তারিখ ১০.০৮.২০১৭ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন বরিশাল সড়ক জোনের ২০১৭-২০১৮ অর্থবছরের পিএমপি (সড়ক-মেজর) কর্মসূচীর অগ্রাধিকার তালিকায় নিম্নোক্ত মহাসড়কসমূহ নিম্নবর্ণিত শর্তে অন্তর্ভূক্তির অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলঃ

| ক্রম | সড়ক বিভাগের নাম | মহাসড়কের নাম | মহাসড়কের চেইনেজ | প্রস্তাবিত কাজের দৈর্ঘ্য (কিলোমিটার) | কাজের ধরণ | কাজের সম্ভাব্য ব্যয় (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|---|---|
| ১ | বরিশাল | হিজলা-মেহেন্দিগঞ্জ-বরিশাল সড়ক (জেড-৮০৪৩) | ০৯+২০০-১১+৬০০ পাতারহাট লঞ্চঘাট হতে মেহেন্দিগঞ্জ পৌরসভা<br>১১+৬০০-১২+৬০০ মেহেন্দিগঞ্জ পৌরসভা হতে পাতারহাট<br>১২+৬০০-১৩+০০০ পাতারহাট হতে অম্বিকার পুল<br>১৫+৯০০-১৭+৯০০ পাতারহাট মহিলা কলেজ হতে চৌধুরী বাড়ীর পুল | ৫.৮০০ | রিজিড পেভমেন্ট ০৯+২০০-১১+৬০০ ও ১১+৬০০-১২+৬০০<br>মজবুতিকরণসহ কার্পেটিং ও সীলকোট ১২+৬০০-১৩+০০০<br>সীলকোট ১৫+৯০০-১৭+৯০০ | ৫৬৩.০৯ |
| ২ | ভোলা | বরিশাল-লাহারহাট -- ভেদুরিয়া-ভোলা- ইলিশা-মজুচৌধুরী হাট-লক্ষীপুর জাতীয় মহাসড়ক ভোল অংশ (এন-৮০৯) | ৩৫+১৯৫-৪১+৯৯৫ পরানতালুকদারহাট হতে ইলিশা ফেরীঘাট | ৬.৮০০ | Construction of Soil Earthen Shoulders 35+195-41+995<br>Sub-Base : 41+000-41+680<br>Aggregate base Type-I (Strengthening) DBS-Base Course, DBS wearing course : 35+195-41+995 | ১৪১৩.৮১ |
| ৩ | পিরোজপুর | টগড়া-ইন্দুরকানী-বালিপাড়া-কলারণ সন্ন্যাসী সড়ক (জেড-৭৭১১) | ০২+০০০-০৩+৭০০ টগড়া শেখ ফজলুল হক হতে ইন্দুরকানি থানা<br>০৫+৮০০-১৭+৩৫০ ঘোষেরহাট হতে সন্ন্যাসী | ১৩.২৫ | মাটির কাজ: ০২+০০০-১৭+৩৫০<br>পটহোলস মেরামত: ০২+২৫০-০৩+৭০০<br>বেইজ টাইপ-২ দ্বারা মজবুতিকরণ: ০৩+৫৭০-০৩+৭০০, ০৫+৮০০-১২+৪০০ ১২+৪০০-১৫+০০০, ১৫+০০০-১৭+৩৫০<br>ডিবিএস ওয়ারিং কোর্স: ০২+০০০-০২+২৫০, ০২+২৫০-০৩+৫৭০ ০৩+৫৭০-০৩+৭০০, ০৫+৮০০-১২+৪০০ ১২+৪০০-১৫+০০০, ১৫+০০০-১৭+৩৫০ | ১২৫৮.৭৫ |
| ৪ | | বরগুনা(দক্ষিণরামনা খেয়াঘাট)-ডৌয়াতলা-মঠবাড়ীয়-বড়মাছুয়া সড়ক (জেড-৮৮১৪) | ২০+৫০০-২১+৫৪০<br>২৫+১০০-২৫+৬৬০<br>২৮+৫০০-৩০+৫০০<br>মাঝি বাড়ী হতে বড়মাছুয়া স্টীমার ঘাট | ৩.৬০ | মাটির কাজ: ২০+৫০০-২১+৫৪০, ২৫+১০০-২৫+৬৬০, ২৮+৫০০-৩০+৫০০<br>পটহোলস মেরামত: ২৫+১০০-২৫+৬৬০, ২৮+৫০০-৩০+৫০০<br>বেইজ টাইপ-২দ্বারা মজবুতিকরণ: ২০+৫০০-২১+৫৪০<br>ডিবিএস ওয়ারিং কোর্স: ২০+৫০০-২১+৫৪০, ২৫+১০০-২৫+৬৬০ ২৮+৫০০-৩০+৫০০<br>আন্ডুলেশন রিপেয়ার: ২০+৫০০-২১+৫৪০ ২৫+১০০-২৫+৬৬০, ২৮+৫০০-৩০+৫০০ | |
| ৫ | ঝালকাঠি | ষাটপাকিয়া (বরিশাল-ঝালকাঠি মহাসড়ক) নলছিটি জেলা মহাসড়ক (জেড-৮৭০৯) | ০০+০০০-০৩+৩০০<br>০৩+৫০০-০৪+০৭০<br>ষাটপাকিয়া হতে নলছিটি | ৩.৫৭০ | বেইস টাইপ-২ দ্বারা মজবুতিকরণসহ ৪০মিমি: ওভারলে ০০+০০০-০৩+৩০০, ০৩+৫০০-০৪+০৭০<br>মজবুতিকরণ: ০১+৫০০-০২+৭০০ | ৫৪৮.০০ |
| ৬ | | পীরমোয়াজ্জেম হোসেন (বৈশাখীয়া)-রাজাপুর মিরের হাট সড়ক (জেড-৮০৬২) | ০৩+৯৬০-০৮+০৮০ খেয়াঘাট হতে মিরেরহাট | ৪.১২০ | বেইজ টাইপ-২ দ্বারা মজবুতিকরণসহ ৪০ মিমি. ওভারলে কাজ:০৩+৯৬০-০৮+০৮০<br>মজবুতিকরণ ০৩+৯৬০-০৫+২৬০ | |
| ৭ | | আমুয়া-মিরুখালী-সাফা সড়ক (জেড-৮৮১৫) | ০০+০০০-০৬+০০০<br>আমুয়া বাজার হতে সাফা বাজার | ৬.০০০ | বেইজ টাইপ-২ দ্বারা মজবুতিকরণসহ ৪০ মিমি. ওভারলে ০০+০০০-০৬+০০০<br>মজবুতিকরণ: ০+০০০-০২+০০০ | |
| ৮ | বরগুনা | বরগুনা (চান্দুখালী)-বেতাগী - বাকেরগঞ্জ (পাদ্রীশবপুর) সড়ক (জেড-৮৮০৩) | ০০+০০০-০৮+৭০০<br>০+০০০-০৮+৭০০<br>চান্দুখালী-কাউনিয়া বাজার | ৮.৭০০ | বেইজ টাইপ-২ দ্বারা মজবুতকিরণ: ০০+০০০-০৮+৭০০<br>ডিবিএস ওয়ারিং কোর্স: ০+০০০-০৮+৭০০ | ১০৯৫.০৫ |
| | | মোট | | ৫১.৮৪০ | | ৪৮৭৮.৭০ |

শর্তঃ

০১। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক-মেজর) এর আওতায় গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য ইজিপি পদ্ধতিতে দরপত্র আহবান করতে হবে;

০২। ২০১৫ সালের সওজ এর রেইট অব সিডিউল অনুযায়ী দরপত্র আহবান করতে হবে;

০৩। দরপত্রে অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠানের পূর্ণ নাম উল্লেখ করতে হবে এবং Joint Venture (JV) হিসেবে একাধিক ঠিকাদার কোন দরপত্রে অংশগ্রহণ করলে প্রত্যেক ঠিকাদারের আলাদা আলাদাভাবে পিএমপি (সড়ক) অথবা একই ধরনের কাজের অভিজ্ঞতা আবশ্যিকভাবে থাকতে হবে বিষয়গুলো দরপত্র দলিলের শর্তে অন্তর্ভূক্ত করতে হবে;

০৪। DBS Wearing Course ও DBS Base Course এর ব্যবহৃত বিটুমিন ৬০/৭০ গ্রেড মানের হতে হবে;

০৫। গত ৩(তিন) অর্থবছরের মধ্যে DBST এবং নূন্যতম গত ৪(চার) অর্থবছরের DBS Wearing Course এর কাজ হয়েছে এরূপ কোন মহাসড়ক বা মহাসড়কাংশ ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মসূচীর আওতাভূক্ত হয়ে থাকলে তা যাচাই করে বাদ দিতে হবে;

০৬। কাজের গুণগত মান বজায় রাখার লক্ষ্যে ১০ (দশ) কোটি টাকার উর্ধ্ব মূল্যের প্যাকেজ করতে হবে এবং নির্মাণ কাজের জন্য ঠিকাদারকে অবশ্যই Batching Plant ব্যবহার করতে হবে। কেবল বিশেষ পরিস্থিতিতে অত্র বিভাগের অনুমতি নিয়ে ১০(দশ) কোটি টাকার নিম্নের প্যাকেজ করা যাবে;

০৭। ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মসূচীর আওতাভূক্ত যে সকল মহাসড়কের বিষয়ে HDM এর কোন সুপারিশ নেই সে সকল মহাসড়কের বিষয়ে সংশ্লিষ্ট মনিটরিং টিমের লিখিত সুপারিশ ব্যতীত দরপত্র আহবান করা যাবে না;

০৮। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় কোন কাজ চলমান আছে এরূপ কোন মহাসড়ক বা মহাসড়কাংশ কর্মসূচীর আওতাভূক্ত হয়ে থাকলে তা যাচাই করে বাদ দিতে হবে;

০৯। মহাসড়কের অবস্থা Fair to Good Condition এ আছে এমন কোন মহাসড়ক বা মহাসড়কাংশ কর্মসূচীর আওতাভূক্ত হয়ে থাকলে তাও যাচাই করে বাদ দিতে হবে;

১০। বর্ষা মৌসুমে বৃষ্টিতে কোন বিটুমিনাস কাজ করা যাবে না;

১১। ২০১৭-২০১৮ অর্থবছরের গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য প্রতিটি প্যাকেজের নির্বাচিত ঠিকাদারকে কাজ সমাপ্তির নিমিত্ত কাজ শুরুর তারিখ হতে (Notice to commence) সবোর্চ্চ ৬(ছয়) মাস সময় দেয়া যাবে। তবে প্রদত্ত সময়ের মধ্যে বর্ষাকাল হিসেবে ১৫ জুন থেকে ১৫ সেপ্টেম্বর বা অংশ বিশেষ অন্তর্ভূক্ত থাকলে সে সময়কাল অতিরিক্ত হিসেবে কার্যাদেশে অন্তর্ভূক্ত করা যাবে।

১২। পিপিআর ২০০৮ এর বিধি ৬১(৪) অনুযায়ী দরপত্র প্রস্তাব দাখিলের জন্য নির্ধারিত নূন্যতম সময়সীমা ২৮ দিন দিয়ে দরপত্র আহবান করতে হবে। তবে অনিবার্য কোন কারণে দরপত্র দাখিলের সময়সীমা বৃদ্ধির প্রয়োজন হলে তা পিপিআর ২০০৮ এর বিধান মতে করতে হবে;

১৩। ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দর ৫% এর অধিক বেশী/কম হলে দরপত্র মূল্যায়নের সময় দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক পিপিআর ২০০৮ অনুসরণ বাধ্যতামূলকভাবে রেইট এনালাইসিস করতে হবে।দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক আইটেমভিত্তিক রেইট এনালাইসিস প্রতিবেদন প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট আলাদাভাবে দাখিল করতে হবে;

১৪। দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে পাবলিক প্রকিউরিমেন্ট আইন,২০১৬ (১ আগষ্ট, ২০১৬ তারিখ সংশোধিত) এর ৩১(৩) ও (৪) ধারার বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;

১৫। কাজ সম্পাদনের জন্য সুপারিশকৃত দরদাতার নিজস্ব Batching plant না থাকলে ভাড়ায় গ্রহণের জন্য চুক্তিবদ্ধ কোন প্রতিষ্ঠানের Batching plant বাস্তবে রয়েছে কিনা, অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ রয়েছে কিনা এবং সময়মত Batching plant সরবরাহ করতে সক্ষম কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে সরেজমিন পরিদর্শন করে দরপত্র মূল্যায়ন প্রস্তাবের সাথে আলাদাভাবে একটি প্রতিবেদন দাখিল করতে হবে;

১৬। কোন ধরনের দ্বৈততা পাওয়া গেলে প্রদত্ত অনুমোদন বাতিল বলে গণ্য হবে;

১৭। কোন অবস্থাতেই কাজ অসম্পূর্ণ রাখা যাবে না। কোন ঠিকাদারের এ বিষয়ে অনিহা বা গাফিলতি বা বিলম্ব পাওয়া গেলে জরিমানা আরোপ করে সংশ্লিষ্ট জোনে সে ঠিকাদারকে বাধ্যতামূলকভাবে নূন্যতম ৩ বছরের জন্য Debar করতে হবে;

১৮। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে Defect Liability Period ৩(তিন) বছর হবে;

১৯। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে মহাসড়কের সাব-বেইজ বা বেইজ দূর্বল/ক্ষতিগ্রস্থ থাকলে উক্ত সাব-বেইজ বা বেইজ এর মেরামত বা প্রতিকার না করে মহাসড়কে বাইন্ডার কোর্স (DBS)/ওভারলে এর কাজ করা যাবে না;

২০। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে মহাসড়কে পানি জমে মহাসড়ক ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা থাকলে সেক্ষেত্রে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ না করে মহাসড়কে বাইন্ডার কোর্স (DBS)/ওভারলে এর কাজ করা যাবে না;

২১। সড়কের পার্শ্বে ড্রেইন এমনভাবে নির্মাণ করতে হবে যাতে ড্রেইন দিয়ে পানি মহাসড়কের উপর থেকে সরে যায় এবং কোন ক্রমেই মহাসড়কের উপর পানি জমে না থাকে। এর ব্যত্যয় হলে তাঁর দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপর বর্তাবে;

২২। রিজিড পেভমেন্টের ক্ষেত্রে কংক্রিটের Strength জাতীয় ও আঞ্চলিক মহাসড়কে ন্যূনতম Class-35 এবং জেলা মহাসড়কে ন্যূনতম Class-30 মানের হতে হবে;

২৩। রিজিড পেভমেন্ট এবং HBB নির্মাণের ক্ষেত্রে সড়ক ও জনপথ অধিদপ্তরের ডিজাইন ইউনিট হতে ডিজাইন সংগ্রহপূর্বক কর্মসূচী বাস্তাবায়ন করতে হবে; এবং

২৪। অন্যান্য প্রয়োজনীয় ক্ষেত্রেও সড়ক ও জনপথ অধিদপ্তরের ডিজাইন ইউনিট হতে ডিজাইন অনুমোদন করিয়ে নিয়ে কর্মসূচী বাস্তবায়ন করতে হবে।

২৭।৯।১৭
(মোঃ নজরুল ইসলাম সরকার)
উপ সচিব
ফোন: ৯৫১৪০৭৫।
dsmaintenace@rthd.gov.bd

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, বরিশাল সড়ক জোন, বরিশাল।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৫। জনাব অপূর্ব কুমার মন্ডল, উপসচিব (বাজেট) মনিটরিং টিম প্রধান, টিম নং-১৭, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৬। জনাব মোঃ মাহবুবের রহমান, উপপ্রধান (পরিকল্পনা ও কার্যক্রম), মনিটরিং টিম প্রধান, টিম নং-১৬ ও ১৮, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট (আইসিটি ইউনিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৮। অফিস কপি/ মাস্টার কপি।